

৩। মূল্য সংযোজন কর আরোপ।— (১) প্রথম তফসিলে উল্লিখিত পণ্যসমূহ ব্যতীত বাংলাদেশে আমদানিকৃত সকল পণ্য এবং উক্ত তফসিলে উল্লিখিত পণ্যসমূহ ব্যতীত সকল পণ্যের সরবরাহের উপর এবং ^১দ্বিতীয় তফসিলে উল্লিখিত সেবাসমূহ ব্যতীত ^২বাংলাদেশে প্রদত্ত সকল সেবার উপর ধারা ৫ এ বর্ণিত মূল্যের ভিত্তিতে পনের শতাংশ হারে মূল্য সংযোজন কর ধার্য ও প্রদেয় হইবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত পণ্য বা সেবার উপর শূন্য হারে কর আরোপিত হইবে, যথাঃ-

(ক) বাংলাদেশ হইতে রপ্তানিকৃত বা রপ্তানিকৃত বলিয়া গণ্য কোন পণ্য বা সেবা;

^৩[*****]

^৪(খ) Customs Act, 1969 (IV of 1969), অতঃপর Customs Act বলিয়া উল্লিখিত, এর section 24 মোতাবেক বাংলাদেশ হইতে বিদেশগামী কোন যানবাহনে বাংলাদেশের বাহিরে ভোগের জন্য সরবরাহকৃত খাদ্য ও অন্যান্য সামগ্রীঃ

তবে শর্ত থাকে যে, নিম্নবর্ণিত পণ্যের বা সেবার ক্ষেত্রে এই উপ-ধারা প্রযোজ্য হইবে না, যথা ঃ-

(অ) বাংলাদেশে পুনঃআমদানিকৃত বা পুনঃ আমদানির জন্য অভ্যন্তরে কোন পণ্য বা সেবা;

(আ) Customs Act এর section 131 মোতাবেক রপ্তানির জন্য উপস্থাপন করা হইয়াছে, কিন্তু রপ্তানি চালান (bill of export) দাখিলের ৩০ দিন বা কমিশনার কর্তৃক এতদুদ্দেশ্যে বর্ধিত সময়ের মধ্যে রপ্তানি হয় নাই, এইরূপ কোন পণ্য বা সেবা।]

^৫(৩) মূল্য সংযোজন কর প্রদান করিবেন,-

(ক) আমদানীকৃত পণ্যের ক্ষেত্রে, আমদানী পর্যায়ে আমদানীকারক;

(খ) বাংলাদেশে প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের ক্ষেত্রে, প্রস্তুতকরণ বা উৎপাদন পর্যায়ে সরবরাহকারী;

(গ) সেবা প্রদানের ক্ষেত্রে, সেবা প্রদানকারী; এবং

^৬(ঘ) বাংলাদেশের ভৌগলিক সীমারেখার বাহির হইতে সেবা সরবরাহের ক্ষেত্রে, সেবা গ্রহণকারী; এবং

(ঙ) অন্যান্য ক্ষেত্রে, সরবরাহকারী।]

^৭[*****]

^৮(৪) এই ধারার অধীন মূল্য সংযোজন কর ধার্য ও প্রদানের উদ্দেশ্যে কোন আমদানিকৃত বা সরবরাহকৃত পণ্যের শ্রেণীবিন্যাস (Classification) এর ক্ষেত্রে Customs Act. এর অধীন উক্ত পণ্যের শ্রেণীবিন্যাস প্রযোজ্য হইবে।]

^৯(৫) এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড, জনস্বার্থে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা-

(ক) যে কোন করযোগ্য পণ্য বা পণ্য শ্রেণীকে করযোগ্য সেবা এবং যে কোন করযোগ্য সেবাকে করযোগ্য পণ্য হিসাবে ঘোষণা করিতে পারিবে; এবং

(খ) করযোগ্য যে কোন সেবার, পরিধি নির্ধারণের লক্ষ্যে, ব্যাখ্যা প্রদান করিতে পারিবে।]

^১। অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৬(ক) বলে “দ্বিতীয় তফসিলে উল্লিখিত” শব্দগুলির পরিবর্তে “দ্বিতীয় তফসিলে উল্লিখিত সেবাসমূহ ব্যতীত” শব্দগুলি প্রতিস্থাপিত।

^২। অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ... (৩) বলে “বাংলাদেশে প্রদত্ত” শব্দগুলি সন্নিবেশিত।

^৩। অর্থ আইন, অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭২(ক)(অ) বলে দফা (কক) বিলুপ্ত।

^৪। অর্থ আইন, অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭২(ক)(আ) বলে দফা (খ) এর পরিবর্তে নতুন দফা (খ) প্রতিস্থাপিত।

^৫। অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৮(২) বলে মূল উপ-ধারা (৩) এর পরিবর্তে নতুন উপ-ধারা (৩) প্রতিস্থাপিত।

^৬। অর্থ আইন, অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭২(খ) বলে দফা (ঘ) এর পরিবর্তে দুইটি নতুন দফা (ঘ) ও (ঙ) প্রতিস্থাপিত।

^৭। অর্থ আইন, ২০০১ (২০০১ সনের ৩০ নং আইন) এর ধারা ৭২ বলে ধারা (৩ক) বিলুপ্ত।

^৮। অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১(৩) বলে উপ-ধারা (৪) সংযোজিত।

^৯। অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৬(গ) বলে উপ-ধারা (৪) এর পর নিম্নরূপ একটি নতুন উপ-ধারা (৫) সংযোজিত।